

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ভোলা
(জে.এম শাখা)
www.bhola.gov.bd

নম্বর: ০৫.১০.০৯০০.০০৫.৪০.০০১.২৩. ০৪

তারিখ: ২৭ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এর ভোট গ্রহণ আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

২. সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩. উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিল যোগ্য হবে :

(ক) আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয় স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসাবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোনো যানবাহন;


(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচিত এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ি, (জিপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়িতে স্টিকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোনো কাজে ব্যবহৃত মোটরসাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান।

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচন কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী অথবা অন্য কোনো ব্যক্তির জন্য মোটরসাইকেল চলাচলের অনুমতি প্রদান; এবং

(ছ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪. বর্ণিতাবস্থায়, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে উল্লিখিত নিষেধাজ্ঞা আরোপসহ স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরিখে আরও কতিপয় যানবাহনের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা নিষেধাজ্ঞা শিথিল যোগ্য।


(আরিফুরজামান) ০২/০২/২০২৪

জেলা ম্যাজিস্ট্রেট

ভোলা

ফোনঃ ০২৪৭৮৮৯৪৪০০

ইমেইলঃ dcbhola@mopa.gov.bd


চলমান পাতা/২

স্মারক নং- ০৫.১০.০৯০০.০০৫.৪০.০০১.২৩. ০৪

তারিখ: ২৭ পৌষ ১৪৩০
০২ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি, বনানি, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল।
- ০৭। পুলিশ সুপার, ভোলা।
- ০৮। কোম্পানি কমান্ডার, সিপিএসসি, র‍্যাংক-৮, বরিশাল (এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৯। জেলা নির্বাচন অফিসার, ভোলা।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), ভোলা।
- ১১। জেলা তথ্য অফিসার, ভোলা(গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
- ১২। অফিসার-ইন-চার্জ (সকল), ভোলা (এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১৩। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, ভোলা এর ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ১৪। ট্র্যাফিক ইন্সপেক্টর, ভোলা।
- ১৫। সভাপতি/সম্পাদক, বাস মালিক/বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক মালিক/ট্রাক মালিক সমিতি, ভোলা।
- ১৬। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, ভোলা।
- ১৭। সম্পাদক.....পত্রিকা, ভোলা (বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় সৌজন্য হিসেবে প্রকাশের অনুরোধসহ)।
- ১৮। অফিস কপি।


জেলা ম্যাজিস্ট্রেট ০২/০২/২০২৪
ভোলা